

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৭২

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, সুলাইমান ইয়াশকুরী থেকে কাতাদা এককভাবে হাদীসটি বর্ণনা করেছেন, তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن هَذَا الْخَبَرَ تَفَرَّدَ بِهِ قَتَادَةُ عَنْ سُلَيْمَانَ اليشكري

আরবী

 $2872 - \frac{1}{6}$ $\frac{1}{6}$ $\frac{1}{2}$ $\frac{1}{2$

الراوي: جَابِر بْن عَبْدِ اللَّهِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2872 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1164).



বাংলা

২৮৭২. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নাখলের মুহারিবে খাসাফায় যুদ্ধ করেন। শক্ররা মুসলিমদের উপর গুপ্ত হামলা করার পরিকল্পনা করে। অতঃপর তাদের মাঝে এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে আসে। তার নাম আওফ বিন হারিস অথবা গাওরাস বিন হারিস। সে তরবারী নিয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মাথার কাছে এসে দাঁড়ায়। অতঃপর বলে, "আমার থেকে আপনাকে কে রক্ষা করবে?" তিনি জবাব দিলেন, "আল্লাহ (আমাকে তোমার থেকে রক্ষা করবেন)।"

রাবী বলেন, "তারপর তার হাত থেকে তরবারী পড়ে যায়। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তরবারীটি হাতে নিয়ে বলেন, "আমার থেকে তোমাকে কে রক্ষা করবে?" সে বললো, "আপনি আমার চেয়ে উত্তম ব্যক্তি হন।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তুমি কি সাক্ষ্য দিবে যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বূদ নেই?" সে বলে, "না।" কিন্তু আমি আপনার কাছে অঙ্গিকার করছি যে, আমি আপনার সাথে যুদ্ধ করবো না। এবং আমি সেসব লোকদের সাথেও থাকবো না, যারা আপনার সাথে যুদ্ধ করে।"

রাবী বলেন, "অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার পথ ছেড়ে দেন। তারপর সে তার সঙ্গীদের কাছে এসে বলে, "আমি একজন উত্তম মানুষের কাছ থেকে আসলাম। তারপর যখন যোহর কিংবা আসরের সালাতের সময় হয় –আবূ আওয়ানা এরকম সন্দেহের ভিত্তিতে হাদীস বর্ণনা করেছেন-, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ভীতিকালীন সালাত আদায় করার নির্দেশ দেন।

রাবী বলেন, "অতঃপর সাহাবীগণ দুই দলে ভাগ হন; একদল শক্রর মুখোমুখী অবস্থান নেন, আরেক দল রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে সালাত আদায় করেন।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর সাথের সাহাবীদের নিয়ে দুই রাকা'আত সালাত আদায় করেন। তারপর তারা চলে যান। অতঃপর তারা ঐ দলের জায়াগায় যান (যারা শক্রর মুখোমুখী ছিলেন)। আর ঐ দলের সাহাবীগণ আসেন এবং তারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে দুই রাকা'আত সালাত আদায় করেন। ফলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের চার রাকা'আত আর তাঁর সাহাবীদের দুই রাকা'আত সালাত হয়।"[1]

ফুটনোট

[1] তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৩১৭; তাফসীরে তাবারী: ১০৩২৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১১৬৪)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন